দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

17

তারিখ 29 JUN 1988
পৃষ্ঠা 1 কলাম 6

প্রেসিডেন্টের রিপোর্ট অনুমোদন

# সিনিয়র সার্ভিস পুল বিলুপ্ত

সরকার বুধবার সিনিয়র সার্ভিস পুল (এসএসপি) বিলোপ করার সিদ্ধান্ত নিয়েছেন। উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিনের নেতৃত্বে গঠিত ক্যাবিনেট সাব-কমিটির রিপোর্টে এ ব্যাপারে সুপারিশ করা হয়। খবর বাসসর।

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের কাছে বুধবার সকালে সেকায় তাঁর অফিসে ক্যাবিনেট সাব-কমিটির এই রিপোর্ট পেশ করা হয়। তিনি এই রিপোর্ট অনুমোদন করেন।

ইতিপূর্বে উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিনের নেতৃত্বে কৃষিমন্ত্রী এম এ মুনএম ও পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদকে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট এই ক্যাবিনেট সাব-কমিটি গঠন করা হয়।

এই রিপোর্ট গ্রহণ করে প্রেসিডেন্ট এরশাদ আশা প্রকাশ করেন যে কয়েকটি ক্যাডারের কর্মকর্তাদের দীর্ঘদিনের অভাব অভিযোগ দূর করার ক্ষেত্রে এই সাব-কমিটির সুপারিশ করা ব্যবস্থাবলী সুদূর প্রসারী প্রভাব রাখবে। এই

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পুল বিলুপ্ত

(১-এর পৃঃ পর)

কর্মকর্তারা পদোন্নতির সম্ভাবনার অভাবে হতাশ বোধ করছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ একটি জটিল বিষয় সম্পাদনের এবং একটি দীর্ঘ প্রতীক্ষিত সমস্যা সমাধানের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণের জন্য সাব-কমিটির কাজের প্রশংসা করেন।

প্রেসিডেন্ট সংস্থাপন বিভাগকে রিপোর্টের সুপারিশ মালার ব্যাপারে যথাশীঘ্র প্রয়োজনীয় নির্দেশ পাঠাতে বলেন।

বিসিএস-এর বিভিন্ন ক্যাডার ভুক্ত কর্মকর্তাদের পদোন্নতির অসম সুযোগ সংক্রান্ত প্রশ্নটি বিচার-বিবেচনা করে দেখতে এই ক্যাবিনেট সাব-কমিটি গঠিত হয়।

সাব-কমিটি পদোন্নতির সুযোগ বিভিন্ন ক্যাডারভুক্ত কর্মকর্তাদের দায়িত্বের ধরন ইত্যাদি প্রসঙ্গ পরীক্ষা ও বিবেচনা করে দেখে।

সাব-কমিটির সুপারিশ অনুসারে উপসচিব ও যুগ্ম-সচিব পর্যায়ে কোটা অনুসারে সচিবালয়ের কাজে প্রতিনিধিত্ব করার সুযোগ সকল ক্যাডারের থাকবে।

সচিব ও অতিরিক্ত সচিবের পদসমূহ মেধাভিত্তিতে নিযুক্তির জন্য মুক্ত থাকবে। একই সঙ্গে দ্বিতীয় বিচার্য বিষয় হিসাবে জ্যেষ্ঠতার বিষয়টিও বিবেচনা করা হবে।

সচিবালয়ে আসা কর্মকর্তারা সমপর্যায়ে নিজস্ব ক্যাডারে ফিরে যেতে পারবেন। এর ফলে সচিবালয় ও মাঠ পর্যায়ে নিযুক্ত কর্মকর্তাদের অবস্থান পরিবর্তনের সুযোগ বাড়বে। আশা করা হচ্ছে যে এর ফলে সার্বিকভাবে সরকারের দক্ষতা বৃদ্ধিতে এই কর্মকর্তাদের অভিজ্ঞতা কাজে লাগানোর আরো সুযোগ পাওয়া যাবে।

বিসিএস সচিবালয় ক্যাডারভুক্ত কর্মকর্তারা সচিবালয়ে থাকবেন। এই জন্য একটি কোটা সংরক্ষিত রাখা হয়েছে।

সাব-কমিটির সুপারিশ মালায় কয়েকটি পদ এবং অন্য কয়েকটি পদের বেতন কাঠামোর আপ-গ্রেডেশনও অন্তর্ভুক্ত রয়েছে।

এই রিপোর্ট হস্তান্তর অনুষ্ঠানে সাব-কমিটির সদস্যগণ ছাড়াও ক্যাবিনেট সচিব এম মুজিবুল হক, সংস্থাপন সচিব কে এম রব্বানী ও সুপ্রীম কমান্ডারের প্রিন্সিপাল স্টাফ অফিসার মেজর জেনারেল আবদুল লতিফ উপস্থিত ছিলেন।